


তারিখ: ০৫.১২.২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর স্মারক নং-টিআইবি/সনাক/সুনামগঞ্জ/প্যাকটা/২০২২/৭১, তা:০৫/১২/২০২২ খ্রি. অনুযায়ী জেলা প্রশাসন, সুনামগঞ্জ ও সচেতন নাগরিক কমিটি (সনাক) সুনামগঞ্জ'র যৌথ উদ্যোগে আগামী ০৮-০৯ ডিসেম্বর ২০২২ দুই দিন ব্যাপী ঐতিহ্য জাদুঘর প্রাঙ্গণে (প্রথম দিন বিকাল ৩:০০ টা থেকে রাত ০৮:০০ টা এবং দ্বিতীয় দিন সকাল ০৯ টা থেকে রাত ০৮ টা) পর্যন্ত তথ্য মেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, মেলায় আগত দর্শনার্থী ও অতিথিদের জন্য কুইজ প্রতিযোগিতা এবং সঠিক উত্তরদাতাদের মধ্যে আকর্ষণীয় পুরস্কার বিতরণের ব্যবস্থা রাখা হয়েছে। বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্যে কলেজ ওয়েবসাইটে প্রকাশিত হলো।

সংযুক্তি:

- ১। সচেতন নাগরিক কমিটি (সনাক), সুনামগঞ্জ কর্তৃক ০৫.১২.২০২২ খ্রি. এর তথ্য মেলা-২০২২- এ অংশগ্রহণ এবং মেলা পরিদর্শন এর চিঠি ;


০৫.১২.২০২২ খ্রি.
অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারি কলেজ
সুনামগঞ্জ
০৫/১২/২২



TRANSPARENCY
INTERNATIONAL
BANGLADESH

Social movement against corruption

সচেতন নাগরিক কমিটি (সনাক), সুনামগঞ্জ

১৫ সুরমা আ/এ (দ্বিতীয় তলা), কাজীর পয়েন্ট, ষোলঘর, সুনামগঞ্জ

ফোন: ০২৯৯৬৬০০৫৭২, মোবাইল: ০১৭১৪-০৯২৮৪৬

ই-মেইল: ccc.sunamganj@ti-bangladesh.org

স্মারক নং-টিআইবি/সনাক/সুনামগঞ্জ/প্যাকটা/২০২২/৭১

০৫ ডিসেম্বর, ২০২২

বরাবর

অধ্যক্ষ

সুনামগঞ্জ সরকারী কলেজ
সুনামগঞ্জ

বিষয়: তথ্য মেলা-২০২২ এ অংশগ্রহণ এবং মেলা পরিদর্শন প্রসঙ্গে।

মহোদয়

সচেতন নাগরিক কমিটি (সনাক), সুনামগঞ্জ ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)র পক্ষ হতে আন্তরিক শুভেচ্ছা।

জেলা প্রশাসন, সুনামগঞ্জ ও সচেতন নাগরিক কমিটি (সনাক), সুনামগঞ্জ'র যৌথ উদ্যোগে আগামী ০৮-০৯ ডিসেম্বর ২০২২ দুই দিন ব্যাপী ঐতিহ্য জাদুঘর প্রাঙ্গণে (প্রথম দিন বিকাল ৩:০০টা থেকে রাত ০৮:০০টা এবং দ্বিতীয় দিন সকাল ০৯ টা থেকে রাত ০৮ টা) পর্যন্ত তথ্য মেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তথ্য অধিকার আইন ২০০৯ এর প্রচারণার অংশ হিসেবে জনসাধারণের কাছে অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করা, বিভিন্ন সরকারি বেসরকারি দপ্তরের সেবা প্রাপ্তির কৌশল জানা এবং মেলা স্থলে প্রত্যাশিত তথ্য সেবা প্রাপ্তির লক্ষ্যে এ মেলার আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য মেলায় আগত দর্শনার্থী ও অতিথিদের জন্য কুইজ প্রতিযোগিতা এবং সঠিক উত্তরদাতাদের মধ্যে আর্কষণীয় পুরস্কার বিতরণের ব্যবস্থা রাখা হয়েছে।

উক্ত মেলায় আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ ও অভিভাবকবৃন্দকে মেলা পরিদর্শন এবং কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

(অ্যাড. আইনুল ইসলাম বাবলু)

সভাপতি

সচেতন নাগরিক কমিটি (সনাক), সুনামগঞ্জ

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), সুনামগঞ্জ।